

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০০১.০২.১২০৮(৬৪)

তারিখ : ১৯/০৬/২০১৭ খ্রিঃ

বিষয় : ২০১৭-১৮ অর্থ বছরের জন্য প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দের 'চাহিদা পত্র' এবং মাসিক প্রকৃত ব্যয়ের হিসাব "বি" বিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রাতিষ্ঠানিক ব্যয়ের বিভিন্ন খাতে অর্থ বরাদ্দের লক্ষ্যে চাহিদাপত্র প্রেরণের ক্ষেত্রে কোন কোন ডি,ডি,ও কর্তৃক অত্র বিভাগ হতে সরবরাহকৃত ছক অনুসরণ করা হয় না। আবার কোন কোন ডি,ডি,ও কর্তৃক প্রকৃত তথ্য বিশ্লেষণ ব্যতিরেকে প্রয়োজনের অতিরিক্ত অর্থের চাহিদা প্রদান করা হয়। ফলে চাহিদার সঠিকতা নির্ধারণ এবং অর্থ বরাদ্দের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়। কাজেই নিম্নোক্ত 'ছক' অনুযায়ী তার নিজ দপ্তরসহ নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের (উখানি, সচক, সিএসডি) ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য খাতভিত্তিক বাৎসরিক প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র একত্রিত করে একই অফিসে আগামী ১৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, নিম্নোক্ত ছক অনুযায়ী এবং নির্ধারিত সময়ের মধ্যে চাহিদাপত্র প্রেরণ করা না হলে এবং মন্তব্যের কলামে চাহিদার বিপরীতে সবিস্তার যৌক্তিকতা উল্লেখ করা না হলে কোন অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে বিবেচনা করা সম্ভব হবে না।


(চাহিদাপত্র প্রেরণের 'ছক')

অর্থনৈতিক কোডনং	খাতের নাম	পূর্ববর্তী অর্থ বৎসর (২০১৬-২০১৭)		চলতি অর্থ বৎসর (২০১৭-২০১৮)			মন্তব্য	
		প্রকৃত ব্যয়	বকেয়ার পরিমাণ (যদি থাকে)	এ পর্যন্ত প্রাপ্ত বরাদ্দ	এ পর্যন্ত প্রকৃত ব্যয়	বর্তমানে অবশিষ্ট		চাহিদার পরিমাণ (বকেয়াসহ)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

নিম্নোক্ত খাত সমূহে চাহিদার ক্ষেত্রে মন্তব্যের কলামে পার্শ্ব বর্ণিত তথ্যাদি অবশ্যই উল্লেখ করতে হবে :

- শালিখ বিনোদন ভাতার ক্ষেত্রে - প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতন উল্লেখসহ নামের তালিকা (প্রয়োজনে পৃথক তালিকা সংযুক্ত করা যাবে)।
- পৌরকর/ভূমিকর/ইউপি ট্যাক্সের ক্ষেত্রে - বাৎসরিক করের পরিমাণ (প্রয়োজনে এসেসমেন্টের কপি ও গৃহিত ব্যবস্থার প্রমাণক সংযুক্ত করতে হবে)। পূর্ববর্তী বছরের তুলনায় পৌরকর/ইউ.পি ট্যাক্স ও ভূমিকর অনেক বৃদ্ধি পেলে তার কারণ ও গৃহিত ব্যবস্থা সম্পর্কে উল্লেখ করতে হবে।
- টেলিফোন/বিদ্যুৎ/পানির ক্ষেত্রে - মাসিক আনুমানিক বিলের পরিমাণ।
- পেট্রোল ও লুক্রিটস এর ক্ষেত্রে - যানবাহনে ব্যবহৃত জ্বালানীর ধরন (পেট্রোল/অকটেন/ডিজেল ইত্যাদি) ও মাসিক আনুমানিক বিলের পরিমাণ।
- অফিস ভাড়া ক্ষেত্রে - মাসিক ভাড়ার হার।
- পূর্ববর্তী বছরের বকেয়ার ক্ষেত্রে - বকেয়ার কারণ এবং যৌক্তিকতা।

১। অপরদিকে, মাসিক প্রকৃত ব্যয়ের হিসাব বি-বিবরণী পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে প্রেরণের নির্দেশ থাকলেও অনেক ডি,ডি,ও কর্তৃক তা অনুসরণ করা হচ্ছে না। আবার অনেক ডি,ডি,ও কর্তৃক বেতন-ভাতাদি বাবদ কোন মাসের প্রকৃত ব্যয় পূর্ববর্তী মাসের ব্যয় হিসাবে প্রদর্শন করা হয়ে থাকে। ফলে সিএও দপ্তরের সঙ্গে মাসিক খরচের হিসাব রিকনসাইলেশনের ক্ষেত্রে অহেতুক জটিলতার সৃষ্টি হয় যা মোটেও কাম্য নয়। কারণ কোন মাসের প্রকৃত ব্যয়ের হিসাব বলতে এ মাসের ১ তারিখ থেকে শেষ তারিখ পর্যন্ত খাত ভিত্তিক উত্তোলিত অর্থকেই বুঝানো হয়ে থাকে। যেমন- মে মাসের বেতন ভাতাদি সাধারণতঃ জুন মাসের ১-৭ তারিখের মধ্যে উত্তোলন করা হয়ে থাকে যা কোন কোন ডি,ডি,ও কর্তৃক মাসিক ব্যয়ের হিসাব বি-বিবরণীতে মে মাসের ব্যয় হিসেবে দেখানো হচ্ছে। কিন্তু আর্থিক নিয়মানুযায়ী বেতন-ভাতাদি বাবদ উত্তোলিত উক্ত ব্যয় (জুন মাসের ১-৩০ তারিখের মধ্যে যে কোন সময় উত্তোলিত) প্রকৃত পক্ষে জুন মাসের ব্যয় হিসেবেই গণ্য করতে হবে। কাজেই উপরোক্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করতঃ অপর পৃষ্ঠায় প্রদর্শিত ছক অনুযায়ী মাসিক প্রকৃত ব্যয়ের হিসাব বি-বিবরণী সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক যাচাই/প্রতিস্বাক্ষর পূর্বক পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহকে নির্দেশনা প্রদানের জন্যও জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।


(স্বপন কুমার বণিক)
পরিচালক

ফোন-৯৫৫৬৩০৬।
১৯/৬/১৭

জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল).....।


স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০০১.০২.১২০৮/৬৪(২২)

তারিখ : ১৯/০৬/২০১৭ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- প্রধান মিলার, সরকারী ময়দা ও পশু খাদ্য মিল, পোস্তগোলা, ঢাকা।
- প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো /নারায়ণগঞ্জ সাইলো/আগুগঞ্জ সাইলো, বি-বাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মংলা সাইলো, বাগেরহাট।
- চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য ভবন, ঢাকা।
- বাজেট অফিসার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয়ে সংযুক্ত 'ছক' অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য খাতভিত্তিক বাৎসরিক প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র আগামী ১৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।


পরিচালক

হিসাব ও অর্থ বিভাগ

১৯/৬/১৭